মেহেরপুরের কুলবাড়িয়াতে মাসুদ অরুনের গণসংযোগ

মেহেরপুর সদর উপজেলার কুলবাড়িয়াতে গণসংযোগ করেছেন মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন। এসময় তিনি বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ৩১ দফা সম্বলিত লিফেলেট বিতরণ করেন।

মেহেরপুরের কুলবাড়িয়াতে তিন ব্যবসায়ীর ৫৫ হাজার টাকা জরিমানা

মেহেরপুর সদর উপজেলার কুলবাড়িয়া বাজারে অভিযান পরিচালনা করে মেয়াদ উত্তীর্ণ পণ্য ও লাইসেন্সবিহীন গ্যাস বিক্রি করার অপরাধে তিন ব্যবসায়ীর ৫৫ হাজার টাকা জরিমানা করেছে ভোক্তা অধিকার।

আজ সোমবার (১১ আগস্ট ২০২৫) মেহেরপুর ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান এ অভিযান পরিচালনা করেন। অভিযানে সহযোগীতা করেন জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা মো: রিয়াজ মাহমুদ ও জেলা কৃষি বিপণন কর্মকর্তা মো: তারিকুল ইসলাম।

ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান জানান, আজ সোমবার সকাল সাড়ে ১০ টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত মেহেরপুর সদর উপজেলার কুলবাড়িয়া বাজারে অভিযান পরিচালনা করে নিত্য প্রয়োজনীয় পণ্য, জ্বালানী গ্যাস, সার ও কীটনাশক তদারকি করা হয়। ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ ধারা অনুসারে পণ্যে যথাযথাভাবে মোড়কে উৎপাদন তারিখ, মেয়াদ উত্তীর্ণ তারিখ ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য না থাকার কারণে বুলবুল মিষ্টান্ন ও ফল ভান্ডারকে ৫ হাজার টাকা, লাইসেন্স গ্রহণ

ব্যতিত গ্যাস ব্যবসা করা ও যথাযথাভাবে মোড়কে উৎপাদন তারিখ, মেয়াদ উত্তীর্ণ তারিখ ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য না থাকার কারণে একই আইনের ধারা ৩৭ ও ৫২ ধারা অনুসারে মেসার্স নিপা এন্টারপ্রাইজকে ২০ হাজার টাকা এবং লাইসেন্স গ্রহণ ব্যতিত গ্যাস ব্যবসা করার কারণে একই আইনের ৫২ ধারা অনুসারে মেসার্স হক ট্রেডার্সকে ৩০ হাজার টাকাসহ মোট ৫৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে এবং সতর্ক করা হয়েছে।